# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2017**
**FIRST YEAR (BATCH 2017-20)**
**BENGALI (Honours)**

Date : 12/12/2017
Time : 11.00 am – 3.00 pm
Paper : I
Full Marks : 100

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও ঃ [২×১০]

ক) মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়-এর মুদ্রিত গ্রন্থে রচনাকাল জ্ঞাপক যে পয়ার পাওয়া যায় তা উদ্ধৃত করো। গ্রন্থটি সম্পর্কে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। [২+৮]

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রতিফলিত লোকায়ত জীবন সম্পর্কে আলোকপাত করো। [১০]

গ) Hagiography বলতে কী বোঝায়? বাংলা সাহিত্যের ইতিহাসে কৃষ্ণদাস কবিরাজ গোস্বামীর শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো। কোন্ চৈতন্য জীবনী কাব্যে শ্রীচৈতন্যদেবের বাস্তব-ঘেঁষা মৃত্যু কাহিনি আছে? [১+৮+১]

ঘ) প্রাক্-বাংলা যুগের প্রাকৃত ও অপভ্রংশ সাহিত্য বিষয়ে আলোচনা করে বাংলা সাহিত্যের ইতিহাসের ধারায় এগুলির গুরুত্ব সম্পর্কে তোমার মতামত লেখো। [৭+৩]

২। যে-কোনো **একটি** টীকা লেখো। [১×৫]

ক) শাহ্ মুহম্মদ সগীর খ) চণ্ডীদাস

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

ক) নিচের যে-কোনো **চারটি** অশুদ্ধ বানান শুদ্ধ করে লেখো এবং প্রতিটি ক্ষেত্রে অশুদ্ধির কারণ উল্লেখ করো। [(০·৫+১·৫)×৪]=৮

মসৃন, অপরাহ্ন, কটুক্তি, মুমূর্সু, কার্ত্তিক, অংক, দুস্চরিত্র

খ) নিচের যে-কোনো **দু'টি** অশুদ্ধ বাক্য শুদ্ধ করে লেখো এবং প্রতিটি ক্ষেত্রে অশুদ্ধির কারণ উল্লেখ করো। [(০·৫+২·৫)×২] =৬

অ) গাবলু কাঁঠালের আমসত্ত্ব কিনেছে।

আ) যদি কাল বৃষ্টি হয়।

ই) আমি আকণ্ঠ পর্যন্ত খেয়েছি।

ঈ) আমি অল্প চিনি মিশিয়ে আর সরবৎ করে জলে পাতিলেবুর রস খাই।

গ) যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

অ) অর্ধস্বর কাকে বলে? বাংলা দ্বিস্বর ধ্বনির সংগঠন বিষয়ে উদাহরণ সহ একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। [২+৯]

আ) বাগ্‌যন্ত্রের একটি চিত্র অঙ্কন করে শ্বাসনালী, সর্বোচ্চ তালু, স্বরকক্ষ এবং ফুসফুস চিহ্নিত করো। বাগ্‌ধ্বনি উৎপাদনে স্বরপল্লব এবং জিহ্বার ভূমিকা আলোচনা করো। [৩+(০·৫×৪)+ (৩×২)]

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) আক্ষেপানুরাগ বলতে কী বোঝ? আক্ষেপানুরাগ কয় প্রকার ও কী কী? তোমার পঠিত আক্ষেপানুরাগের পদ অবলম্বনে কাব্য সৌন্দর্য বিচার করো। [২+২+৭]

খ) মাথুর ও প্রবাসের পার্থক্য নির্দেশ করো। প্রবাস কয় প্রকার ও কী কী? মাথুরের শ্রেষ্ঠ কবি কে? তাঁর শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। [২+২+১+৬]

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [১×৪]

ক) ''কর কঙ্কণ পণ ফণিমুখ বন্ধন
শিখই ভুজগগুরু পাস''

— কার রচিত কোন পর্যায়ের পদ? এর মর্মার্থ লেখো। [১+১+২]

খ) 'বহুদিন পরে বঁধুয়া এলে।
দেখা না হইত পরাণ গেলে।।'

— পদটি কোন পর্যায়ের? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। উদ্ধৃত পদটির ভণিতা অংশটি উদ্ধৃত করো। [১+২+১]

৬। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১১]

ক) 'নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে'— এই ভাবনার আলোকে মা-মেনকার যন্ত্রণার স্বরূপ আলোচনা করো।

খ) তোমার পাঠ্য 'ভক্তের আকুতি' পর্যায়ের পদে ভক্তকবি রামপ্রসাদ সেনের যে মর্মবেদনা প্রকাশিত হয়েছে তা যে-কোনো দু'টি পদ অবলম্বনে আলোচনা করো।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×৪]

ক) 'খলের প্রধান যত, কে আছে তোমার মত—
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ।।'
—পদটি কোন্ পর্যায়ের? কার সম্বন্ধে এরূপ উক্তি করা হয়েছে? এই ধরনের উক্তির কারণটি বুঝিয়ে লেখো। [১+১+২]

খ) 'তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন,
হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার।'
— পদকর্তা কে? উক্তিটির মধ্য দিয়ে সমাজের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা সংক্ষেপে লিপিবদ্ধ করো। [১+৩]

৮। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১০]

ক) অক্ষর ও মাত্রা বিষয়ে আলোচনা করো।

খ) 'দলবৃত্ত' রীতির ছন্দের পূর্বতন নাম কী ছিল? এই রীতির ছন্দের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। একটি উদাহরণের সাহায্যে 'দলবৃত্ত' রীতির ছন্দের মাত্রাগণনা পদ্ধতি বুঝিয়ে দাও। [১+২+৭]

৯। যে-কোনো **দু'টির** ছন্দোলিপি প্রণয়ন করো। [২×৫]

ক) বর্ষে বর্ষে দলে দলে আসে বিদ্যা-মঠ-তলে।
চলে যায় তারা কলরবে
কৈশোরের কিশলয় পর্ণে পরিণত হয়
যৌবনের শ্যামল গৌরবে।

খ) গালভরা হাসিমুখে চালভাজা মুড়ি,
ঝুরঝুরে প'ড়ো ঘরে থুর্‌থুরে বুড়ি।
কাঁথাভরা ঝুল্‌কালি, মাথাভরা ধুলো,
মিট্‌মিটে ঘোলা চোখ, পিঠখানা কুলো।
কাঁটা দিয়ে আঁটা ঘর — আঠা দিয়ে সেঁটে,
সুতো দিয়ে বেঁধে রাখে থুতু দিয়ে চেটে।

গ) ভেল্‌ভেট-পাড় জরি বুটিদার পড়ে নাকো আর নয়নে
ফিরি আর কৈ পছন্দসই এটা ওটা ঐ চয়নে
চিঠি-বিলি-করা ডাক-হরকরা চলে যায় সরাসর ঐ
উদ্বেগ-মাখা পথ-চেয়ে থাকা বুকে করে রাখা চিঠি কৈ

ঘ) খোকা মাকে শুধায় ডেকে,
'এলেম আমি কোথা থেকে—
কোন্‌খেনে তুই কুড়িয়ে পেলি আমারে।'
মা শুনে কয় হেসে কেঁদে
খোকারে তার বুকে বেঁধে
ইচ্ছা হয়ে ছিলি মনের মাঝারে।।

——— × ———